

উজ্জ্বল অতীত

নবীন দাস

তোমার নিঃশ্বাস নিয়ে বেঁচে গেছে সবীজ হৃদয়
তবু নিঃশ্ব ঘর খুলে দরজায় হাঁটু মুড়ে বসি
এ ঘর তোমার তাই আমি শুধু আহত বিষাদ
সন্ধ্যাবেলা কেঁপে উঠি, সন্ধ্যায় ফেরারী হয় মন

আমার এ বীজ -জন্ম তোমার জলের কাছে ঋণী
বুম্বুম রিমিঝিমি কীভাবে বাজালে তুমি সুর
তোমার মাটির ঘায়ে আমার কবর নড়ে ওঠে
যেন-বা ফুলের মালা এবার শুকিয়ে ফল দেবে

তবুও রাতের গল্প সকাল হ'লেই বদলায়
বদল-সময় পাশে আমি তাই সাজানো সংলাপ

নিজ হাতে ফিরে করি উজ্জ্বল অতীত
লিখে চলি, লিখে চলি, লিখে চলি কবিতার মতো